

ফেব্রুয়ারি, ২০১৮

শ্রেণিঃ পঞ্চম

বিভাগীয় বার্তা
বাংলা বিভাগ
চিটাগাং গ্রামার স্কুল (ন্যাশনাল কারিকুলাম)

সুপ্রিয় শিক্ষার্থীরা,

শীত তার পুরো শক্তি নিয়ে আমাদের কাছে উপস্থিত হয়েছে এবার। শহরের হিম শীতল সকালে আমাদের ব্যস্ততা ও গাড়ির ছোটোছুটি থেমে নেই তবুও। গ্রামে গ্রামে দেখতে পাওয়া যাবে খেজুর রসের সাথে ভাপা পিঠা খাওয়ার উৎসব। সবাইকে শীতল শুভেচ্ছা ও নতুন বছরের শুভাশীষ জানাচ্ছি।

আশা করছি তোমাদের বিভিন্ন কর্মকাণ্ডে সাজানো রাউন্ড স্কয়ার কনফারেন্স সফলভাবে চলছে।

২১ শে ফেব্রুয়ারি- আন্তর্জাতিক মাতৃভাষা দিবস তথা শহিদ দিবস। ১৯৫২ সালের এ দিনে এ দেশের তরুণদের বুকের তাজা রক্তের বিনিময়ে মাতৃভাষা বাংলার মর্যাদা রক্ষা হয়। 'রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি আমাদের জাতীয় জীবনে 'অমর শহিদ দিবস' হিসেবে প্রতিষ্ঠা লাভ করে। ১৯৯৯ সালের ১৭ নভেম্বর ইউনেস্কোর সাধারণ সভায় একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করা হয়। প্রতিবছরের মতো আমাদের স্কুলেও এবার বিভিন্ন কর্মকাণ্ডের সমন্বয়ে তা পালন করা হবে।

খুব শীঘ্রই বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। খেলাধুলায় অংশগ্রহণ ও পারদর্শিতা তোমাদেরকে শারীরিক ও মানসিকভাবে উজ্জীবিত করবে।

তোমরা সবাই জেনেছ যে, প্রতিবছরের মতো এ বছরও পিইসিই ও জেএসসি পরীক্ষায় আমাদের স্কুলের শিক্ষার্থীরা কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। আগামী ১ ফেব্রুয়ারি শুরু হতে যাচ্ছে এস এস সি পরীক্ষা। আমাদের স্কুল থেকে এবছরই প্রথম এস এস সি পরীক্ষায় প্রথম ব্যাচ অংশগ্রহণ করতে যাচ্ছে। তাদের উত্তম ফলাফলের জন্য সবাই দোয়া করবে।

সবার সুস্বাস্থ্য কামনা করছি।

ধন্যবাদ,
বাংলা বিভাগ।

◇ ১ম সাময়িক প্রতিযোগিতার বিষয়:

হাতের লেখা

